ঝিনাইদহে রবিবারে ৪র্থ ধাপে ১৫ টি ইউনিয়নে নির্বাচন

৪র্থ ধাপে ঝিনাইদহে ১৫ টি ইউপি নির্বাচন আগামীকাল। নির্বাচনে ভোটগ্রহণের জন্য কেন্দ্রের ব্যালট পেপার বাদে সকল উপকরণ কেন্দ্রে কেন্দ্র পাঠানো হয়েছে।

শনিবার দুপুরে ১৫টি ইউনিয়নে ১৪৮টি ভোটকেন্দ্রের উপকরণ প্রিজাইডিং ও পোলিং অফিসারদের মাঝে বিতরণ করা হয়। আগামীকাল সকালে কেন্দ্রে পাঠানো হবে ব্যালট পেপার।

এবারের নির্বাচনে ২ লাখ ৫৩ হাজার ৫০০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। নির্বাচন অবাধ সুষ্ঠু শান্তিপূর্ণ করতে বিপুল পরিমাণ পুলিশ, র্যাব, আনসার সদস্য, বিজিবি, নির্বাহী ম্যাজিস্ট্রেট, স্টাইকিং ফোর্স মোতায়েন করা হয়েছে।

কালীগঞ্জে গৃহবধূর লাশ নিয়ে মানববন্ধন

ঝিনাইদহ সদর উপজেলার কাষ্টসাগরা গ্রামে আরিফা খাতুন সোমা নামে এক গৃহবধুকে তার স্বামী পিটিয়ে হত্যা করেছে বলে অভিযোগ উঠেছে।

এ ঘটনায় নিহত গৃহবধুর গ্রামবাসীরা লাশ নিয়ে কালীগঞ্জ শহরের মেইন বাস্টস্ট্যান্ডে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে। নিহত আরিফা খাতুন সোমা জেলার কালীগঞ্জ উপজেলার ফয়লা গ্রামের নুর ইসলামের মেয়ে।

শনিবার বিকালে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিলে নারী-পুরুষসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষেরা অংশগ্রহণ করেন। মরদেহ কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে এক হৃদয় বিদারক দৃশ্যের অবতারণা হয়। এ সময় গ্রামবাসীরা বিচারের দাবিতে মরদেহ নিয়ে বিক্ষোভ মিছিল করেন।

মানববন্ধনে বক্তারা, অচিরেই গৃহবধু আরিফা খাতুন সোমা হত্যার সাথে জড়িতদের গ্রেফতার, দৃষ্টান্ত শাস্তি ও তার স্বামী ফরিদুল ইসলাম যেন বিদেশে পালাতে না পারে সেই দাবি করেন।

ঝিনাইদহের কাষ্টসাগরা গ্রামে বৃহস্পতিবার রাতে গৃহবধু আরিফা খাতুন সোমাকে শারিরীক নির্যাতন করার অভিযোগ করা হয়। গত শুক্রবার সকালে তার মৃত্যু হয়। এ ঘটনার পর থেকে ফরিদুল ইসলামসহ তার পরিবারের সদস্যরা পলাতক রয়েছে।

খালেদা জিয়ার মুক্তির দাবিতে কোটচাঁদপুরে বিএনপি’র প্রস্তুতি সভা

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও বিদেশে উন্নত চিকিৎসার দাবিতে ঝিনাইদহের কোটচাঁদপুরে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে আগামী ২৯ ডিসেম্বর জেলা ভিত্তিক মহা সমাবেশের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃস্পতিবার বিকালে উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে স্থানীয় মেইন বাসষ্টান্ডে উপজেলা বিএনপির কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সিনিয়র যুগ্ন-আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র আব্দুল মালেক।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির যুগ্ন-আহ্বায়ক জাহিদুর রহমান মনা, কেন্দ্রীয় মৎস্যজীবি দলের যুগ্ন-আহ্বায়ক ওয়াজেদ আলী।

এসময় বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক

মোঃ লিয়াকত আলী প্রমূখ। এসময় পৌর ও উপজেলা বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে স্কুল শিক্ষার্থী হত্যা মামলার প্রধান আসামী আটক

ঝিনাইদহের কোটচাঁদপুরে নৃশংস ভাবে এক স্কুল শিক্ষার্থীকে কুপিয়ে ও গলাকেটে হত্যার অভিযোগে প্রধান অভিযুক্ত মিলন দাশ (২১) কে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

গত বুধবার রাত ৯ টার দিকে প্রযুক্তির (মোবাইল ট্রাকিং) মাধ্যমে বাগডাঙ্গা রাস্তা পাড়া বাড়ির পাশ থেকে তাকে আটক করা হয়।

বৃহস্পতিবার বিকালে এক প্রেস ব্রিফিং এ বিষয়টি নিশ্চিত করেছেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম।

এসময় তিনি সাংবাদিকদের জানান, আটক মিলন দাশ উপজেলার বাগডাঙ্গা গ্রামের সলেমান আমিনের ছেলে স্কুল শিক্ষার্থী রিয়াদ হোসেন খুনের প্রধান আসামী। বুধবার রাতে সে বাগডাঙ্গা গ্রামের ঝিঁনুর আম বাগানের পাশে রিয়াদকে নৃশংস ভাবে কুপিয়ে ও গলাকেটে হত্যা করে কপোতাক্ষ নদে ফেলে দেয়। পুলিশের জিজ্ঞাসাবাদে খুনের রহস্য ও লোমহর্ষক বর্ণনা দিয়েছেন আসামী মিলন দাশ।

পুলিশ জানায়, দীর্ঘদিন ধরে আসামী মিলন দাশ ও ভিকটিম রিয়াদ খাঁন এক সঙ্গে মাদক সেবন করে। সে সুবাদে আসামীর মা অঞ্জলি দাশের সঙ্গে জৈনক এক ব্যাক্তির অনৈতিক ও অসামাজিক একটি ভিডিও ধারন করে রিয়াদ খাঁন। দীর্ঘদিন ধরে সেই ভিডিও দেখে আসামী মিলনকে ব্লাক মেইল করে আসছিল রিয়াদ। মিলন সে ভিডিওটি রিয়াদকে ডিলেট করতে বলে। এরপরও ভিকটিম সেই ভিডিওটি ডিলেট না করে তাকে নানা ভাবে ব্লাক মেইল করছিল। এতে সে রিয়াদের উপর ক্ষিপ্ত হয়। এবং তাকে উচিত শিক্ষা দেওয়ার কথা ভাবে। যার ফলশ্রতিতে বুধবার রাতে তাকে নৃশংসভাবে হত্যা করে এবং লাশ পানিতে ভাঁসিয়ে দেয়।

যে ভাবে হত্যাকরা হয়ঃ
হত্যার পরিকল্পনায় আসামী মিলন দাশ তার মায়ের ব্যবহৃত একটি দা চৌকাঠে ধার দিয়ে ঘটনাস্থলে রেখে আসে। হত্যার রাতে সে রিয়াদকে মাদক সেবনের জন্য ডেকে নেয়। রাত ৯ টার দিকে আসামী ও ভিকটিম দু’জনেই মাদক সেবন করে এবং রিয়াদকে অতিরিক্ত মাদক সেবন করাই। এক পর্যায়ে অতিরিক্ত সেবনে রিয়াদ অচেতন হলে তাকে ধারালো অস্ত্র দিয়ে উপর্যুপরি কোপাতে থাকে। এসময় রিয়াদ শরীরের শক্তি দিয়ে আত্মরক্ষার চেষ্টা চালাই ও দৌড়ে পালানোর চেষ্টা করে। এবং উভয়ের মধ্যে ধস্তাধস্তি হয়।

পুলিশ জানায়, মিলন দাশের ধারালো দায়ের কোপে রিয়াদের একটি হাতের কব্জি বিচ্ছিন্ন হয়ে যায়। এক পর্যায়ে রিয়াদ দূর্বল হয়ে পড়ে মাটিতে লুটিয়ে পড়ে। আসামী মিলন দাশ রিয়াদের মৃত্যু নিশ্চিত করতে তাকে জবাই করে এবং মুখ ও শরীরের বিভিন্ন স্থানে ক্ষত-বিক্ষত করে নৃশংস ভাবে হত্যা করে পানিতে ফেলে রাখে। পরদিন সকালে পুলিশ তার লাশ উদ্ধার করে।

এঘটনায় নিহতের পিতা সলেমান খান বাদী হয়ে কোটচাঁদপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার নং-৪, ২২/১২/২১। পরে পুলিশ প্রযুক্তি ব্যবহার করে হত্যার মূল আসমী মিলন দাশকে আটক করে। আটক মিলন দাশ উপজেলার বাগডাঙ্গা গ্রামের রাস্তা পাড়ার মৃত মুকুল দাশের ছেলে, সে পেশায় একজন রাজমিস্ত্রি। প্রেস বিফিংএ উপস্থিত ছিলেন, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, ওসি (তদন্ত) ইমরান আলম, সেকেন্ড অফিসার আব্দুল মান্নান।

কোটচাঁদপুরে স্কুল শিক্ষার্থীকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে রিয়াদ খাঁন (১৮) নামে এক স্কুল শিক্ষার্থী যুবককে কুপিয়ে ও গলাকেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। বুধবার সকালে উপজেলার বাগডাঙ্গা গ্রামের কপোতাক্ষ নদ থেকে ওই শিক্ষার্থীর লাশ উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, সকালে কপোতাক্ষ নদে যুবকের ক্ষত-বিক্ষত লাশ ভাঁসতে দেখে এলাকাবাসী পুলিশের খবর দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল বাগডাঙ্গা গ্রামের ঝিঁনুর আম বাগানের পাশে কপোতাক্ষ নদে এক যুবকের গলা কাটা লাশ উদ্ধার করে। এসময় তার ডান হাতের কব্জি বিচ্ছিন্ন ও মুখের বিভিন্ন স্থানে ক্ষত-বিক্ষত লক্ষ করা যায়। দুর্বৃত্তরা তাকে নৃশংস ভাবে হত্যা করে পানিতে ফেলে রাখে। ঘটনাস্থল থেকে পুলিশ নেশা জাতীয় দ্রব্য সলেউশন আটা ও একটি দেশীয় দা উদ্ধার করেছে। পরে পরিবারের লোকজন এসে তার লাশ সনাক্ত করে। প্রাথমিক অবস্থায় তাকে কে বা কারা কি কারণে হত্যা করেছে তা জানাতে পারেনি পুলিশ। তবে পুলিশের ধারনা পূর্ব শত্রুতা ও মাদক সংশ্লিষ্ঠ কোন বিষয়ে তাকে হত্যা করা হতে পারে।

নিহতের পিতা জানায়, গত মঙ্গলবার রাত ৮ টার দিকে নিজেদের রাইস মিলের কাজ শেষে মেইন শহরে যায়। রাতে আর বাড়িতে ফেরেনি রিয়াদ। এসময় তার ব্যবহহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়। অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপপুর সার্কেল) মোহামিনুল ইসলাম, থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন সহ সিআইডির ক্রাইম সিন ইউনিট ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

নিহত রিয়াদ হোসেন ওই গ্রামের সলেমান খাঁন (আমিন) এর ছেলে ও বলাবাড়িয়া-বাগডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে স্ত্রীর উপর গুলি বর্ষণ, অবৈধ গুলিসহ স্বামী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বড়সলুয়া গ্রামের আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠ বিদ্যালয়ের মধ্যেই ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাফিয়া ইয়াসমিনকে হত্যার উদ্দেশ্যে গুলি কয়েক রাউন্ড গুলি চালিয়েছে স্বামী ফারুখ হোসেন। এসময় পুরো বিদ্যালয়ে আতংক ছড়িয়ে

পড়ে। গুলি লক্ষভ্রষ্ট হওয়ায় নাফিয়া ইয়াসমিন প্রাণে রক্ষা পাই। মঙ্গলবার (২১ ডিসেম্বর) দুপুরে এঘটনা ঘটে। তবে ঘটনাটি ধামাচাপা দিলেও রাতে প্রকাশ্যে আসে। খবর পেয়ে ভোর রাতে পুলিশ টানা দুই ঘন্টা অভিযান চালিয়ে স্বামী ফারুখ হোসেনকে আটক করে। এসময় তার নিকট থেকে লাইসেন্সকৃত পয়েন্ট টুটু বোর রাইফেল ও অবৈধ গুলি উদ্ধার করে। বুধবার বিকেলে এঘটনায় স্ত্রী নাফিয়া ইয়াসমিন বাদি হয়ে হত্যা চেষ্টা এবং অবৈধ গুলি রাখার অপরাধে পুলিশ বাদি হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

নাফিয়া ইয়াসমিন আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠের কারিগরী শাখার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও তিতুদহ ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী স্বামী গোলাম ফারুক আরাফাত হোসেন স্মরণী বিদ্যাপীঠ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক। নাফিয়া ইয়াসমিন গোলাম ফারুখের দ্বিতীয় স্ত্রী। ফারুখ হোসেন বড়সলুয়া গ্রামের মৃত সামসুল আলম ফরজন মাষ্টারের ছেলে।

পুলিশ জানায়, মঙ্গলবার দুপুরে পারিবারিক কলহের জেরে শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে স্ত্রী নাফিয়া ইয়াসমিনকে হত্যার উদ্দেশ্যে তার উপর গুলি বর্ষন করেছে। বুধবার ভোররাতে লাইসেন্সকৃত পয়েন্ট টুটু বোর রাইফেলসহ তাকে আটক করা হয়। তার ১০০ টি গুলি বরাদ্দ থাকলেও অতিরিক্ত ৩৪ টি গুলি উদ্ধার করে থানায় নেয়া হয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, নাফিয়া ইয়াসমিনের ভাষ্য অনুযায়ী পারিবারিক কলহের জেরে শিক্ষা প্রতিষ্ঠানের ভিতরে ৩-৫ রাউন্ড তাকে লক্ষ্য করে গুলি ছোড়ে তার স্বামী। খবর পেয়ে বুধবার ভোরে নিজ বাড়ি থেকে গোলাম ফারুখ হোসেনকে আটক করা হয়।

তিনি আরও বলেন, তার অস্ত্রটি বৈধ। তার নামে ১০০ টি বরাদ্দকৃত গুলি বরাদ্দ আছে। আমরা ১৩৪ টি গুলি উদ্ধার করেছি। ৩৪ গুলি অবৈধ। বুধবার বিকেল সাড়ে ৩ টার দিকে স্ত্রী নাফিয়া ইয়াসমিন বাদি হয়ে হত্যা চেষ্টা এবং অবৈধ গুলি রাখার অপরাধে পুলিশ বাদি হয়ে পৃথক দুটি দর্শনা থানায় মামলা দায়ের করে । গতকালই তাকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

শৈলকুপায় স্বতন্ত্র প্রার্থীর অফিস- ভাংচুর, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, আহত ৪

ঝিনাইদহের শৈলকুপায় ইউপি নির্বাচনে নৌকার প্রার্থীর সমর্থনে ঢাল-সড়কি, রামদা, দেশীয় অস্ত্র-শস্ত্র নিয়ে সশস্ত্র মিছিল করা হয়েছে। মিছিল থেকে স্বতন্ত্র প্রার্থীর অফিস-প্রচার মাইক ভাংচুর ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালানো হয়। এ ঘটনায় ৪জন আহত হয়েছে, এদের মধ্যে ৩জন কে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয় । মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে ৩নং দিগনগর ইউনিয়নের সিদ্দি বাজারে এই ঘটনা ঘটে।
পুলিশের সামনেই নৌকা প্রতিকের চেয়ারম্যান প্রার্থী জিল্লুর রহমান তপনের সমর্থকরা এমন মিছিল ও হামলা চালায় বলে জানিয়েছে প্রত্যক্ষদর্শীরা। নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী আনারস প্রতিকের প্রার্থী মুক্তারুজ্জামান মুক্ত অভিযোগ করেন, তার সমর্থকদের উপর হামলা সহ অফিস ও প্রচার মাইক ভাংচুর করা হয়। ভোটারদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ সহ ভোটাররা ভয়ে এলাকা ছেড়েছে বলে জানিয়ে তিনি আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগীতা ও শংকামুক্ত পরিবেশে র্নিবাচন প্রত্যাশা করেন।
এদিকে ঘটনা সম্পর্কে জানতে নৌকা প্রতিকের চেয়ারম্যান প্রার্থী ও দিগনগর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জিল্লুর রহমান তপনের নিকট বারবার ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি।
শৈলকুপা থানার সেকেন্ড অফিসার এসআই আমিরুজ্জামান জানান, তারা পরিস্থিতি মোকাবেলার চেষ্টা করেছেন ।

দামুড়হুদায় বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল চালকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার দর্শনায় বাসের চাকায় পিষ্ট হয়ে কামরুল ইসলাম

(৪০) নামে এক মোটরসাইকেল চালকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২১ ডিসেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ডের সন্নিকটে তেতুলতলায় এদূর্ঘটনা ঘটে। এসময় অপর মোটরসাইকেল চালক নেন্টু মিয়া
(৫০) গুরুতর জখম হয়। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে ঘাতক বাসটি জব্দ করে থানায় নেই। এসময় বাসের চালক ও সহকারী পালিয়ে যায়।

নিহত কামরুল ইসলাম যশোর শহরের নাজির শংকরপুর এলাকার ছাদেক দারোগার মোড়ের নওসের আলীর ছেলে। আহত নেন্টু মিয়া চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মদনা গ্রামের পশ্চিমপাড়ার আততাব আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুটি মোটরসাইকেলযোগে কামরুল ইসলাম ও নেন্টু মিয়া চুয়াডাঙ্গার দিকে আসছিল। দর্শনা বাসস্ট্যান্ডের সন্নিকটে তেতুলতলায় পৌছানে পাশাপাশি হওয়ায় দুই মোটরসাইকেলে ধাক্কা লাগে। এতে কামরুল ইসলাম পাকা উপর ছিটকে পড়ে যায়। এসময় জীবননগর থেকে ছেড়ে আসা চুয়াডাঙ্গাগামী শাপলা পরিবহনের ‘এমকে দোয়েল’ (ঢাকা মেট্রো-ব- ১৪-১৯৫০) নামে একটি বাসের চাকায় পিষ্ট হয় কামরুল ইসলাম। এতে ঘটনাস্থলেই মৃত্যু হয়। এ সময় আহত হয় অপর মোটরসাইকেল চালক নেন্টু মিয়া। স্থানীয়রা নেন্টুকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আহত নেন্টু মিয়ার অবস্থা শঙ্কামুক্ত। তার শরীরে সামান্য জখমের চিহৃ আছে। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তির পরামর্শ দেয়া হয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর মেহেরপুর প্রতিদিনকে বলেন, দুই মোটরসাইকেলের ধাক্কায় চালক কামরুল ইসলাম পড়ে যায়। এসময় যাত্রীবাহী বাসে চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থানেই তার মৃত্যু হয়। আহত হয় অপর মোটরসাইকেল চালক নেন্টু মিয়া। বাসের চালক ও সহকারী পলাতক থাকলেও পুলিশ ঘটনাস্থল থেকে বাসটি আটক করে থানায় নিয়েছে। সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে প্রেরণ করা হচ্ছে। তাদের বিরুদ্ধে আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

শৈলকূপায় বিদ্রোহী প্রার্থী হওয়ায় আ.লীগের ১২ নেতাকর্মীকে বহিষ্কার

ঝিনাইদহের শৈলকূপায় ৫ম ধাপে ১২টি ইউপি নির্বাচনে অংশ নেওয়ায় ১২ জন বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল সোমবার দুপুরে শৈলকূপা উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান ও যুগ্ম আহ্বায়ক সরোয়ার জাহান বাদশা স্বাক্ষরিত প্রেসবিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা হয়।
বহিষ্কৃতরা হলেন ত্রিবেনী ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থী রেজাউল করিম খান, মির্জাপুর ইউনিয়নে আওয়ামী লীগের সদস্য শহিদুল ইসলাম টুলু, দিগনগর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-প্রচার সম্পাদক মাক্তারুজ্জামান মুক্ত, কাঁচেরকোল ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আমিরুল ইসলাম বাবলু জোয়ার্দ্দার, সারুটিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি জুলফিককার কায়সার টিপু, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হেলাল উদ্দিন, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আমজাদ হোসেন মোল্লা, আবাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক হাবিবুর রহমান রিপন, উমেদপুর ইউনিয়ন আওয়ামী লীগের সদস্য আব্দুল্লাহ শেখ, দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক টিএ রাজু, দুধসর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি বিএম শফি এবং ফুলহরি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আওলাদ হোসেন।
৫ম ধাপে আগামী ৫ জানুয়ারী উপজেলার ১২ ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত হবে। এখানে ৯টি ব্যালটে ও ৩টি ইউপিতে ইভিএম পদ্ধতিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। ইভিএম পদ্ধতির মধ্যে হাকিমপুর ও ধলহরাচন্দ্র ২টি এবং বগুড়া ইউপিতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৩ জন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।
উপজেলা নির্বাচন অফিসের দেওয়া তথ্য মতে, এ নির্বাচনে পুরুষ ভোট ১ লাখ ১৬ আর নারী ভো ১ লাখ ১৫ হাজার ৭৭১ জনসহ মোট ২লাখ ৩২ হাজার ৬৮জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

হরিনাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় শিশু নিহত,আহত ৬

ঝিনাইদহের হরিনাকুণ্ডুতে আলমসাধু ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে ৩ বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরো ৬ জন। আহত দরীবিন্নী গ্রামের মোঃ হাসান মন্ডলের স্ত্রী মোছাঃ মনিরা খাতুন (৩৫),মোঃ রিপন আলীর স্ত্রী মোছাঃ মুসলিমা খাতুন(৩০), মো লিয়াকত মন্ডলের স্ত্রী মোছাঃ আকলিমা বেগম (৪০), মোঃ মিল্টন আলীর স্ত্রী মোছাঃ রোজিনা খাতুন (৪৫) মৃত কেসমত মন্ডলের পুত্র মোঃ মিল্টন মন্ডল (৪৭)
ও আলমসাধু ড্রাইভার বিশেয়খালী গ্রামের মোঃ গনি মন্ডলের পুত্র মোঃ রাজীব হোসেন। আহত ছয় জন হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আজ সোমবার (২০ ডিসেম্বর) দুপুরে হরিনাকুণ্ডু উপজেলার মান্দারতলা গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহতের লাশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মর্গে রাখা আছে।
নিহত শিশু আছিয়া (৩) উপজেলার দরীবিন্নী গ্রামের রিপন আলীর মেয়ে।

হরিনাকুণ্ডুর থানার (ওসি) আব্দুল রহিম মোল্লা ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।জানা যায়, সোমবার দুপুরে যাত্রী বোঝাই একটি ইজিবাইক হরিনাকুণ্ডু থেকে ঝিনাইদহের উদ্দেশ্য করে যাচ্ছিলো। এ সময় উপজেলার মান্দারতলা গ্রামে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগতির মাছ বোঝাই একটি আলমসাধুর সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ইজি বাইকের ৭ জন আরোহী গুরুতর আহত হয়। তাদের উদ্ধার করে হরিনাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক শিশু আছিয়াকে মৃত ঘোষণা করেন।